

**SALTORA NETAJI CENTENARY
COLLEGE**

Department of Philosophy

PowerPoint Presentation by

PARESH DARIPA

বিষয় :- মনোবিদ্যার পদ্ধতি(অন্তর্দর্শন পদ্ধতি)

ভূমিকা

সাধারণভাবে মনোবিদ্যা বলতে এমন একটি জ্ঞানের শাখা কে বোঝানো হয় যা মন নিয়ে আলোচনা করে। অর্থাৎ, মনের বিজ্ঞানসম্মত আলোচনাই হল মনোবিদ্যা।

মনোবিদ স্টাউট বলেছেন, মনোবিজ্ঞান হল এমন এক বিজ্ঞান যা মন নিয়ে বা মনের যাবতীয় ঘটনা নিয়ে আলোচনা করে থাকে।

মনোবিদ্যার পদ্ধতি :- প্রতিটি বিজ্ঞানের বিষয়বস্তুকে আলোচনা করার জন্য কোন সুনির্দিষ্ট পদ্ধতি অবলম্বন করতে হয়। মনোবিদ্যারও বিশেষ কয়েকটি পদ্ধতি রয়েছে। তাদের মধ্যে প্রধান তিনটি পদ্ধতি হলো -

(1) অন্তর্দর্শন পদ্ধতি

(2) পর্যবেক্ষণ পদ্ধতি এবং

(3) পরীক্ষণ পদ্ধতি।

(1) অন্তর্দর্শন পদ্ধতি :-

ব্যক্তির নিজের মানসিক অবস্থার পর্যবেক্ষণ কে অন্তর্দর্শন বলে। অর্থাৎ মানসিক প্রক্রিয়ার জ্ঞান লাভের জন্য ব্যক্তি যখন নিজের মানসিক অবস্থার ও প্রক্রিয়ার স্বরূপ , তার গতিপ্রকৃতি পর্যবেক্ষণ করে তখন তাকে বলা হয়

অন্তর্ দর্শন ।

এই অন্তর্দর্শনের মাধ্যমে প্রত্যেক মানুষ নিজের মনে কি ঘটেছে তা সরাসরি ভাবে জানতে পারে ।

অন্তর্দর্শন পদ্ধতির গুণ বা সুবিধা :-

(১) অন্তর্দর্শন হলো মনোবিদ্যা নিজস্ব পদ্ধতি। যদিও মনোবিদ্যা কে পর্যবেক্ষণ ও পরীক্ষণের উপর নির্ভর করতে হয়, তবুও মনের বিভিন্ন প্রক্রিয়াকে প্রত্যক্ষভাবে জানার এবং তাদের স্বরূপ ও গতিপ্রকৃতি নির্ধারণ করার একমাত্র উপায় হল অন্তর্দর্শন।

(২) যেকোনো ব্যক্তি নিজের ইচ্ছা অনুযায়ী যে কোন সময়ে ও যেকোন স্থানে তার মানসিক প্রক্রিয়াগুলিকে অন্তর্দর্শনের সহায়তায় পর্যবেক্ষণ করতে পারে, অন্তর্দর্শনের জন্য দেশ, কাল ও বাহ্য অবস্থার উপর নির্ভর করতে হয় না।

(৩) অন্তর্দর্শনের সহায়তায় মানসিক প্রক্রিয়াগুলি সম্পর্কে প্রত্যক্ষভাবে সুনিশ্চিত ও যথাযথ জ্ঞান পাওয়া সম্ভব।

অন্তর্দর্শনের ত্রুটি বা অসুবিধা :-

- (১) অন্তর্দর্শনের মাধ্যমে আমরা যে মানসিক প্রক্রিয়াগুলি পর্যবেক্ষণ করি, সেগুলি অস্পষ্ট এবং অনির্দিষ্ট। বাহ্য জগতের বস্তুকে যেমন সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট ভাবে পর্যবেক্ষণ করা চলে মানসিক প্রক্রিয়াকে অনুরূপভাবে পর্যবেক্ষণ করা চলে না।
- (২) অন্তর্দর্শনের সহায়তায় একই মানসিক প্রক্রিয়াকে জানা সম্ভব নয়। যেহেতু মানসিক প্রক্রিয়া ব্যক্তি কেন্দ্রিক সেহেতু দুজন মনোবিদ একই মানসিক প্রক্রিয়াকে পর্যবেক্ষণ করতে কখনো সক্ষম হবেন না।
- (৩) অনেকে মনে করেন অন্তর্দর্শনকে মনোবিদ্যার একমাত্র পদ্ধতি হিসেবে গ্রহণ করা সম্ভব নয়। কারণ অন্তর্দর্শনের মাধ্যমে কেবলমাত্র ব্যক্তিগত মনের প্রক্রিয়াগুলিকে জানা যায়, অপরের মানসিক প্রক্রিয়াগুলিকে জানা যায় না, যা জানার উপায় হল পর্যবেক্ষণ।

অন্তর্দর্শনের ত্রুটি দূর করার উপায়

(১) অন্তর্দর্শন ব্যক্তিনিষ্ঠ পদ্ধতি হলেও এই পদ্ধতির প্রয়োগে বস্তুনিষ্ঠ ও সুনিশ্চিত ফলাফল লাভ করা সম্ভব। অন্তর্দর্শনের পরিপূরক হিসেবে পর্যবেক্ষণ পদ্ধতিকে মনোবিদ্যায় প্রয়োগ করা হয়। তাছাড়া একটিমাত্র ব্যক্তির অন্তরের উপর নির্ভর না করে একই মানসিক প্রক্রিয়া সম্পর্কে একাধিক ব্যক্তির অন্তর্দর্শন মূলক তথ্যের তুলনামূলক আলোচনার দ্বারা অন্তর্দর্শনকে নির্ভরযোগ্য করে তোলা হয়।

(২) অনেকে মনে করেন 'অতীত দর্শন' প্রমাণ করে যে অন্তর্দর্শন সম্ভব। কারণ কোন অতীত মানসিক প্রক্রিয়াকে স্মরণ করা তখনই সম্ভব, যদি মানসিক প্রক্রিয়াটি চলাকালীন তার অন্তর্দর্শন হয়। কেননা পূর্বে প্রত্যক্ষ না করলে বর্তমানে তাকে স্মৃতিতে জাগিয়ে তোলা সম্ভব নয়। কাজেই 'অতীত দর্শন' অন্তর্দর্শনেরই একটি বিকল্প অবস্থা, অতীতদর্শন অন্তর্দর্শনের দ্বারাই সম্ভব।

THANK YOU